

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ১১৩৭. ২০১৬- ৩৯১

তারিখঃ ২৪-০২-২০১৭ খ্রিঃ


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ১৪০৬১/২০১৬ এর রায় হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-২২/২০১৭ মোকদ্দমার
রুল ও আরজি।

সূত্রঃ ০৩-০২-২০১৭ খ্রিঃ, তারিখে সহকারী রেজিস্ট্রার হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত পত্র।

চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার কর্ণফুলী নদীর বালুমহলের সীমানা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৪০৬১/২০১৬
নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত মামলায় গত ১৩.১১.২০১৬ খ্রিঃ তারিখের আদেশ বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন
নং-২২/২০১৭ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশনে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী, জেলা প্রশাসক, চট্টগ্রামকে ২নং
বিবাদী, রেভিনিউ ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রামকে ৩নং বিবাদী, উপজেলা নির্বাহী অফিসার, রাউজান, চট্টগ্রামকে ৪নং বিবাদী
এবং সহকারী কমিশনার (ভূমি), রাউজান, চট্টগ্রামকে ৫নং বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে। উক্ত কনটেম্পট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ ১৭-
০১-২০১৭ তারিখের আদেশে রুল ইস্যুপূর্বক রীট পিটিশন নং- ১৪০৬১/২০১৬ এ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ১৩.১১.২০১৬ তারিখের
আদেশ বাস্তবায়ন না করার কারণে কেন আদালত অবমাননার কার্যক্রম গ্রহণ করা হবে না, তার কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন।

০২। এমতাবস্থায়, রীট পিটিশন নং-১৪০৬১/২০১৬ মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে কি কি
ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা উল্লেখপূর্বক একটি Compliance প্রতিবেদন অতি সত্ত্বর এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মোঃ মার্জিবুর রহমান)
উপসচিব
৯৫৪০৯৯৫

জেলা প্রশাসক

চট্টগ্রাম।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২) শাখা, স্থানীয় সরকার বিভাগ। (Compliance প্রতিবেদন সংগ্রহে সহযোগিতা করার জন্য
নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।